

## 💵 আল-ফিকহুল আকবর

বিভাগ/অধ্যায়ঃ ইমাম আবূ হানীফা ও আল-ফিকহুল আকবার রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৯. ৪. আব্দুল কাদির জীলানী (৪৭১-৫৬১ হি)

৬ষ্ঠ হিজরী শতকের প্রসিদ্ধতম বুজুর্গ ও হাম্বলী ফকীহ শাইখ জীলানীর পরিচয় কারোই অজানা নয়। তিনি "গুনিয়াতুত তালিবীন" গ্রন্থে বিভ্রান্ত মুরজিয়া ফিরকার মধ্যে "হানাফিয়া" ফিরকার কথা উল্লেখ করে বলেন:

أما المرجئة ففرقها اثنتا عشرة فرقة الجهمية والصالحية والشمرية واليونسية والثوبانية والنجارية والغيلانية والشبيبية والحنفية والمعاذية والمريسية والكرامية

"মুরজিয়ারা ১২টি ফিরকা: জাহমিয়্যাহ, সালিহিয়্যাহ, শাম্মারিয়্যাহ, ইউনুসিয়্যাহ, সাওবানিয়্যাহ, নাজারিয়্যাহ, গাইলানিয়্যাহ, শাবীবিয়্যাহ, হানাফিয়্যাহ, মুআয়য়য়্যাহ, মারীসিয়্যাহ ও কার্রামিয়্যাহ।" এরপর হানাফিয়্যাহ ফিরকার বর্ণনায় বলেন:

وأما الحنفية فهم أصحاب أبي حنيفة النعمان بن ثابت زعموا أن الإيمان هو المعرفة والإقرار بالله ورسوله وبما جاء من عنده جملة على ما ذكره البرهوتي

"হানাফী ফিরকার মানুষেরা আবৃ হানীফা নুমান ইবন সাবিতের অনুসারী। তারা মনে করে যে, ঈমান হলো আল্লাহ, তাঁর রাসূল ও তাঁর নিকট থেকে যা কিছু এসেছে তা সামগ্রিকভাবে জানা (হৃদয়ের জ্ঞান) ও মুখে স্বীকার করা (অন্তরের বিশ্বাস ও মুখের স্বীকারোক্তিই ঈমান, কর্ম ঈমানের অংশ নয়)। বারহূতী তা উল্লেখ করেছেন।"[1]

## ফুটনোট

[1] লাখনবী, আর-রাফউ ওয়াত তাকমীল, পূ. ৩৭৫।

Source — https://www.hadithbd.com/books/link/?id=7047

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন